দৈনিক ইনকিলাব

তারিখ 22 OCT 1991 পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

07

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে কার্যকর পদক্ষেপ নেয়া হবে

## —স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, সিণ্ডিকেট সদস্যবৃন্দ, মন্ত্রণালয় ও পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের সাথে গতকাল ঢাকায় এক বৈঠকে মিলিত হন।

বৈঠকে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসের কারণ এবং সন্ত্রাস প্রতিরোধের জন্য বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস ও সংঘাত দমনে বর্তমান গণতান্ত্রিক সরকারের পূর্ণ সদিচ্ছা ও আন্তরিকতার কথা ব্যক্ত করে শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে এনে তা বজায় রাখতে শিক্ষক ও ছাত্র সমাজসহ সংশ্লিষ্ট সকল মহলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং সিণ্ডিকেটের সদস্যবৃন্দ আলোচনায় অংশ নেন ও বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস দূর করার জন্য সরকারের সাথে পূর্ণ সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

সন্ত্রাস দমন ও আইনের শাসন প্রতিষ্ঠা ভবিষ্যত বংশধরদের সুখী জীবন নিশ্চিত করা এবং দেশ উন্নয়নের 'পূর্বশর্ত' হিসাবে উল্লেখ করে মন্ত্রী জোর দিয়ে বলেন, সরকার সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতার মাধ্যমে শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর করার জন্য সর্বাত্মক কার্যক্রম গ্রহণে বদ্ধপরিকর।

—তথ্য বিবরণী।